

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১৪.৪৯.০১.০৪৯.২০১৪- ৪৭৫


তারিখঃ ৩১/১২/২০১৫।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ চুয়াডাঙ্গা জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.১৮০০.০০৪.১৪.০০২.১৫.৭১৭, তাং-২৬/১১/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ১,৯৮,৪০০/- (এক লক্ষ আটানব্বই হাজার চারশত) টাকার চুয়াডাঙ্গা জেলার দরিদ্র মহিলাদের আত্মকর্মসংস্থান ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ২) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান;
- ৩) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয়;
- ৪) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন, ২০০০ এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ৫) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংলার/বাটার ফ্লাই) ক্রয়;
- ৬) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা এর উপস্থিত থেকে সেলাই মেশিন বিতরণ এবং বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবেন।


৩১/১২/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।